

‘সুফল বাংলা’য় জয়নগরের মোয়া

শরণানন্দ দাস

কলকাতা, ২৮ নভেম্বর: শীত আসুক না আসুক, শহরে হাজির শীতের অতিথি জয়নগরের মোয়া। তবে যে সে মোয়া নয়, একেবারে জিআই তকমা পাওয়া আসল জয়নগরের মোয়া। রাজা সরকারের কৃষি বিপণন দফতরের ‘সুফল বাংলা’র ২২টি স্টলে বুধবার থেকেই পাওয়া যাচ্ছে আসল এই জয়নগরের মোয়া। ইতিমধ্যেই শহরের অলিতে-গলিতে জয়নগরের মোয়া বিক্রি শুরু হয়ে গিয়েছে। আম জনতা জানেন, ওই মোয়াগুলি আসল জয়নগরের মোয়া নয়, তবু বাধ্য হয়েই দুধের স্বাদ যোলে মেটান তাঁরা। কণকচূড়া ধান, নলেন গুড়, গাওয়া ঘি আর এলাচের মিশ্রণে অপূর্ব স্বাদের জয়নগরের মোয়ার স্বাদ পেতে হাপিত্যেচ্য করে থাকেন ভোজনরসিক বাঙালি। এবার সেই আফশোস মিটবে। কারণ, শহরেই মিলছে আসল জয়নগরের মোয়া।

জয়নগর মোয়া নির্মাণকারী সমিতির সাধারণ সম্পাদক অশোককুমার কয়াল বুধবার এই সুখবর দিলেন। তিনি জানান, ‘বুধবার থেকেই কৃষি বিপণন দফতরের ২২টি স্টলে পাওয়া যাচ্ছে জিআই তকমা পাওয়া আসল জয়নগরের মোয়া। সুফল বাংলার যে ২২টি স্টলে জয়নগরের মোয়া পাওয়া যাচ্ছে, সেগুলি হল— সন্তোষপুর,



নিউ আলিপুর, আয়রন সাইড রোড (বিড়লা মন্দিরের কাছে), টালিগঞ্জ, ট্যাংরা, লেক গার্ডেনস, অজয় নগর, সুখবৃষ্টি সল্টলেক সাপুরজি, এজে ব্লক বারুইপুর, একতা ফ্লোরাল বারুইপুর, ড্রিম এঞ্জেলস বারুইপুর, ইউনি ওয়ার্ল্ড সিটি সল্টলেক, নলবন ফুড পার্ক, সাহ্নিক নিউটাউন, নিউটাউন অ্যাকশন এরিয়া, নিউটাউন বিডি ব্লক, ডায়মন্ড সিটি (সাউথ), মন্দিরতলা হাওড়া,

বেলগাছিয়া ও চুঁচুড়া।’ অশোককুমার কয়াল জানিয়েছেন, আপাতত ১৫০ কেজি আসল জয়নগরের মোয়া জিআই ট্যাগ ও লোগো-সহ বিধিবদ্ধভাবে প্যাকেট করে সুফল বাংলার স্টলগুলিতে পাঠানো হয়েছে। প্রতিটি প্যাকেটে থাকছে ১০টি করে মোয়া, দাম মাত্র ২০০ টাকা।

উল্লেখ্য, ২০১৫ সালের ২৩ মার্চ জয়নগরের মোয়া জিওগ্রাফিক্যাল ইণ্ডিকেশন ট্যাগ (জিআই) তকমা

পেয়েছে। ওড়িশাকে হারিয়ে যেমন জিআই ট্যাগ পেয়েছে বাংলার রসগোল্লা, বর্ধমানের সীতাভোগ আর মিহিদানা, তেমনই জিআই ট্যাগ পেয়েছে জয়নগরের মোয়াও। জিআই ট্যাগ পাওয়ার পর তিন বছর পেরিয়ে গিয়েছে।

কিন্তু এখনও বিদেশে জয়নগরের মোয়া পাঠানো সম্ভব হয়নি। এ নিয়ে কী ভাবছেন জয়নগরের মোয়া নির্মাতারা? জয়নগর মোয়া নির্মাণকারী সমিতির সাধারণ সম্পাদক অশোককুমার কয়াল জানান, ‘সমস্যাটা হল মোয়ার সংরক্ষণ নিয়ে। এখনও পর্যন্ত প্যাকেজিংয়ের পর জয়নগরের মোয়া ভালো থাকে পাঁচ দিন পর্যন্ত। কিন্তু বিদেশে রফতানি করতে গেলে মোয়া ভালো ও টাটকা রাখার পদ্ধতি উন্নত করতে হবে। এ বিষয়ে আমরা সেন্ট্রাল ফুড টেকনোলজিক্যাল রিসার্চ ইনস্টিটিউটের (সিএফটিআরআই) সঙ্গে আলোচনা চালাচ্ছি। আমরা এমন প্রযুক্তি চাইছি যাতে অন্তত তিনমাস মোয়া টাটকা রাখা যায়। আশা করছি, সিএফটিআরআইয়ের বিশেষজ্ঞরা সমস্যার সমাধান করে দেবেন।’ জয়নগরের মোয়া ব্যবসায়ীদের আশা, একদিন সাগর পেরিয়ে বিশ্বজয় করবে বাংলার এই জয়নগরের মোয়া।